# হোমস্কুলের জন্য অভিপ্রায়ের চিঠি

**শিক্ষা বছর ____________**

**নিউ ইয়র্ক সিটিতে হোম স্কুল বা বাড়িতে শিক্ষাদান সম্পর্কে সাধারণ তথ্য**

- যখন আপনি আপনার সন্তানকে হোমস্কুল করান, তখন আপনি (পিতামাতা অথবা অভিভাবক) তার শিক্ষার জন্য দায়বদ্ধ হয়ে যান। এতে অন্তর্ভুক্ত সে কী কী বিষয় (সাবজেক্ট) শিখবে সেই সিদ্ধান্ত নেয়া, শিক্ষা উপকরণসমূহ বেছে নেয়া, এবং তার সময়সূচি। NYC পাবলিক স্কুলস্-এর শিক্ষকগণ শিক্ষা-নির্দেশনা প্রদান **করেন না** এবং হোমস্কুল শিক্ষার্থীরা কম্পিউটার, পাঠ্যবইয়ের মতো রিসোর্স বা সংস্থান অথবা খেলাধূলা এবং পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডসমূহ সহ অধিকাংশ স্কুল-ভিত্তিক প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ **পায় না**।
- হোমস্কুল শিক্ষার্থীরা একটি নিউ ইয়র্ক স্টেট ডিপ্লোমা **পায় না**, এবং শুধুমাত্র-অনলাইন ভিত্তিক স্কুলগুলোর ডিপ্লোমা নিউ ইয়র্ক স্টেট স্বীকৃতি দেয় না। তবে, অনলাইন প্রোগ্রামগুলো আপনার হোমস্কুল পরিকল্পনার (IHIP) অংশ হিসেবে অন্তর্ভুক্ত হতে পারে।

**গুরুত্বপূর্ণ পথ-নির্দেশনা**

- **শুধুমাত্র একজন পিতামাতা অথবা আইনি অভিভাবকই অভিপ্রায়ের চিঠি (লেটার অভ ইনটেন্ট, LOI) জমা দিতে পারবেন। গাইডেন্স কাউন্সেলর অথবা টিউটর সহ তৃতীয় কোনো পক্ষ জমা দিলে তা গৃহীত হবে না।**
- প্রতি বছর, হোমস্কুল শুরু হবার 14 দিনের মধ্যে হোমস্কুলের প্রতিটি শিক্ষার্থীর জন্য অবশ্যই একটি অভিপ্রায়ের চিঠি (লেটার অভ ইনটেন্ট) জমা দিতে হবে।
- নিউ ইয়র্ক সিটির ছেলেমেয়েদেরকে 6 বছর বয়স থেকে যে শিক্ষা বছরে তারা 17 বছর বয়সী হবে সেটার শেষ পর্যন্ত অবশ্যই স্কুলে অথবা হোমস্কুলে অংশগ্রহণ করতে হবে। একটি সক্রিয় IESP-যুক্ত শিক্ষার্থীরা 21 বছর বয়সী হওয়ার আগ পর্যন্ত অব্যাহত রাখতে পারে।
- অভিপ্রায়ের চিঠি (লেটার অভ ইনটেন্ট) জমা দেয়ার পরে, **আপনার সন্তানকে তার বর্তমান DOE অথবা চার্টার স্কুল থেকে অব্যাহতি দেয়া হবে** এবং সে হোমস্কুল শুরু করতে পারে। যদিও আপনার সন্তানের বর্তমান স্কুলকে অবহিত করার জন্য সুপারিশ করার হয়, এটা আবশ্যক নয়।

**কীভাবে জমা দিতে হবে**

প্রত্যেক শিক্ষার্থীর জন্য আলাদা আলাদা অভিপ্রায়ের চিঠি (লেটার অভ ইনটেন্ট, LOI) এবং আবশ্যক কাগজপত্র এই ইমেইল ঠিকানায় জমা দিন: letterofintent@schools.nyc.gov

**রেজিস্ট্রেশনের সময় আবশ্যক কাগজপত্র**

- পিতামাতা/অভিভাবকের পরিচয়পত্র বা আইডেন্টিফিকেশনের কপি (ড্রাইভার্স লাইসেন্স, পাসপোর্ট ইত্যাদি)
- কাস্টোডি বা তত্ত্বাবধান সংক্রান্ত কাগজপত্র (যদি প্রযোজ্য হয়)

**NYC পাবলিক স্কুলস্-এ নতুন হলে অথবা তথ্য হালনাগাদ করা হলে (যেমন, ঠিকানা পরিবর্তন) আবশ্যক অতিরিক্ত কাগজপত্র**

- আপনার সন্তানের বয়সের প্রমাণ (জন্ম সনদ বা বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট, অথবা ব্যাপ্টিজমের রেকর্ড)
- বাসস্থানের ঠিকানার প্রমাণ (ইউটিলিটি (গ্যাস-বিদ্যুৎ) বিল, লিজ বা ভাড়া ইত্যাদি)
- হোমস্কুল ডেমোগ্রাফিক ফর্ম
- হোমস্কুল আবাসন সংক্রান্ত প্রশ্নাবলী

*অতিরিক্ত তথ্য এবং ফর্মের জন্যে, আমাদের ওয়েবপেজ https://www.schools.nyc.gov/enrollment/enrollment-help/home-schooling দেখুন*

## পিতামাতা/আইনগত অভিভাবকের তথ্য

| | |
|---|---|
| পিতামাতা/আইনি অভিভাবকের নাম (শেষ, প্রথম) | |
| ঠিকানা (অ্যাপার্টমেন্ট # সহ)<br>সিটি, স্টেট, জিপ | |
| টেলিফোন নম্বর | ইমেইল ঠিকানা |

## শিক্ষার্থীর তথ্য

| | |
|---|---|
| শিক্ষার্থীর নাম (শেষ, প্রথম) | জন্মতারিখ |
| NYC স্টুডেন্ট ID # (যদি জানা থাকে) | এই শিক্ষার্থী কি বর্তমানে বাড়িতে শিক্ষা গ্রহণ করছে? ☐ হ্যাঁ ☐ না |
| এই শিক্ষার্থী কি কখনো কোনো NYC পাবলিক/চার্টার স্কুলে পড়াশোনা করেছে? ☐ হ্যাঁ ☐ না<br>যদি **হ্যাঁ** হয়, স্কুলের নাম অথবা নম্বর: | |

**আমি স্বীকার করছি যে আমার সন্তানকে(দের) হোমস্কুলের জন্য রেজিস্টার করার মাধ্যমে:**

- আমি সকল জেনারেল এডুকেশন শিক্ষা-নির্দেশনার জন্য সম্পূর্ণভাবে দায়বদ্ধ থাকবো।
- আমার সন্তানের(দের) আর দূর থেকে শেখা (রিমোট লার্নিং), জেনারেল এডুকেশন শিক্ষা-নির্দেশনা, অথবা শিক্ষা-নির্দেশনামূলক বিভিন্ন উপকরণ পাবার সুযোগ থাকবে না।
- আমার সন্তানকে(দের) তার বর্তমান DOE অথবা চার্টার স্কুল থেকে অব্যাহতি দেয়া হবে।

**আমি বুঝেছি যে আমাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট শিক্ষা প্রবিধানমালার পার্ট 100.10-এর অনুবর্তী হতে হবে।**

**পিতামাতা/আইনগত অভিভাবকের স্বাক্ষর:** ______________________ **তারিখ:** ____________